



জাতীয় সংসদ নির্বাচনে ইসির আচরণবিধিতে প্রচারণায় পোস্টার নিষিদ্ধ



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা ঘিরে নতুন আচরণবিধি প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল সোমবার (১০ নভেম্বর) রাতে গেজেট আকারে প্রকাশিত এই ‘রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণবিধিমালা-২০২৫’-এ প্রথমবারের মতো পোস্টার ব্যবহারে সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ইসির নির্দেশনা অনুযায়ী, প্রার্থীদের এবার একমঞ্চে নির্বাচনী ইশতেহার ঘোষণা করতে হবে এবং আচরণবিধি মেনে চলার বিষয়ে লিখিত অঙ্গীকারনামা জমা দিতে হবে। প্রচারণায় অনলাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহারে কড়া নিয়ম বেঁধে দেওয়া হয়েছে। বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বা বিভ্রান্তিকর তথ্য প্রচারে শাস্তির বিধান রাখা হয়েছে। নতুন বিধিতে পোস্টার, ব্যানার, লিফলেট ও ড্রোন ব্যবহারে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। একই সঙ্গে প্রতিটি নির্বাচনী আসনে সর্বোচ্চ ২০টি বিলবোর্ড স্থাপনের সীমা নির্ধারণ করা হয়েছে। এসব নিয়ম ভঙ্গ করলে প্রার্থীকে সর্বোচ্চ ছয় মাসের কারাদণ্ড বা দেড় লাখ টাকা জরিমানা এবং সংশ্লিষ্ট দলকে সমপরিমাণ অর্থদণ্ডের মুখোমুখি হতে হবে। গুরুতর অপরাধে তদন্ত সাপেক্ষে প্রার্থিতা বাতিলের ক্ষমতাও রাখবে কমিশন।

ইসি জানিয়েছে, ২০০৮ সালের আচরণবিধি ও নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সুপারিশ সমন্বয় করে নতুন এই বিধিমালা প্রণয়ন করা হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধনের পরিপ্রেক্ষিতেই আচরণবিধি গেজেট আকারে প্রকাশ করা হয়েছে বলে জানায় সংবিধানিক সংস্থাটি।